

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৮, ঢাকা।
আত-তুরিক টাওয়ার, ১২/১, বিজয়নগর, ঢাকা।

নথি নং-২স-১৭৭/সম্বয় সভা/২০২২-২০২৩/ ৯৬২

তারিখঃ ১৮ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, কর অঞ্চল-৮, ঢাকা।
তারিখঃ ১৮/১২/২০২২ খ্রিঃ রোজ রবিবার
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

বিষয়ঃ মাসিক রাজস্ব সভা ডিসেম্বর/২০২২ এর কার্যবিবরণী প্রসঙ্গে।

কর অঞ্চল-৮, ঢাকা এর কর কমিশনার জনাব মোহাম্মদ আবুল মনসুর এর সভাপতিত্বে ১৮/১২/২০২২ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকায় ২০২২-২০২৩ অর্থ বৎসরের বাজেট লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় পরিস্থিতি পর্যালোচনায় এবং এতদসংক্রান্ত গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা মূলক রাজস্ব সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভার কার্যক্রম শুরু করেন।

বাজেট লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় পরিস্থিতির বিষয়ে কর কমিশনার মহোদয় মূল্যবান দিক নির্দেশনা মূলক বক্তব্য উপস্থাপন করেন। উৎসে আয়কর কর্তন তদারকী, বকেয়া কর হালনাগাদ করণ, অবির্তকিত বকেয়া কর আদায়, অগ্রিম কর আদায় এর মাধ্যমে বাজেট লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত সর্বাত্মক প্রচেষ্টা চালানোর জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়।

সভায় উপস্থিত পরিদর্শী অতিরিক্ত, যুগ্ম কর কমিশনার, কোম্পানী সার্কেলের কর্মকর্তাগণ ও কোম্পানী সার্কেলের কর পরিদর্শকগণের মতামতের প্রেক্ষিতে সভাপতি মহোদয় সার্কেলের রাজস্ব আদায়ে গতি আনয়ন ও সার্বিক ব্যবস্থাপনা নিশ্চিতকরণে সকলকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন :

১।	সার্কেলের পে-অর্ডার/চেক রেজিষ্টার পর্যবেক্ষন করা হয়, রেজিষ্টারটি যথাযথভাবে সংরক্ষণ করার জন্য সার্কেল কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয় এবং সার্কেল কর্মকর্তার স্বাক্ষর ও চালান অনলাইন ভেরিফিকেশন নিশ্চিত করণের নির্দেশনা প্রদান করা হয়।
২।	কোম্পানী সার্কেল সমূহে TDS এর জন্য আলাদা রেজিষ্টার সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। কোম্পানী কর্তৃক জমাকৃত বা কোম্পানী কর্তৃক সার্কেলে প্রেরিত চেক/পে-অর্ডার/চালান এই রেজিষ্টারে এন্ট্রির নির্দেশনা প্রদান করা হয়।
৩।	কোম্পানী সার্কেল সমূহে ৭৫(A) ধারার রেজিষ্টার বাধ্যতামূলকভাবে সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হয়।
৪।	কোম্পানী সার্কেলের কর পরিদর্শকগণ কে কোম্পানীর নাম উল্লেখপূর্বক প্রতিটি কোম্পানীর TDS জমার পরিমাণ সংগ্রহ পূর্বক পরিপূর্ণ তালিকা উপকর কমিশনারের মাধ্যমে ২৮/১২/২০২২ তারিখের মধ্য কর কমিশনারের কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।
৫।	বকেয়া করের হালনাগাদ তালিকা প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। প্রেরণের পূর্বে অবশ্যই সঠিকভাবে করদাতা কর্তৃক জমাকৃত করের ক্রেডিট প্রদানের নির্দেশনা প্রদান করা হয়।
৬।	বকেয়া কর আদায়ে এবং TDS মনিটরিং এ কর পরিদর্শকদের কার্যক্রম পর্যালোচনা পূর্বক কর পরিদর্শকদেরকে এ বিষয়ে অধিকতর সম্পৃক্ত করণের নির্দেশনা প্রদান করা হয়।
৭।	e-TDS রেজিস্ট্রেশন কোম্পানীর জন্য বাধ্যতামূলক হওয়ায় সকল কোম্পানীকে রেজিস্ট্রেশন নিশ্চিতকরণের জন্য সার্কেল কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়।

সভায় উল্লিখিত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে পরিপালনের জন্য কর কমিশনার মহোদয় আহবান জানান এবং সবশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২৮/১২/২০২২

(মোহাম্মদ আবুল মনসুর)
কর কমিশনার
কর অঞ্চল-৮, ঢাকা।

নথি নং-২স-১৭৭/সমন্বয় সভা/২০২২-২০২৩/ ৯৬২

তারিখঃ ১৮ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

- ০১ সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা),
জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ০২ সদস্য (অডিট ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন),
জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৩ অতিরিক্ত কর কমিশনার,
পরিদর্শী রেঞ্জ-১/২, কর অঞ্চল-৮, ঢাকা।
- ০৪ যুগ্ম কর কমিশনার,
পরিদর্শী রেঞ্জ-৩/৪, কর অঞ্চল-৮, ঢাকা।
- ০৫ এই কর অঞ্চলের সকল সার্কেল কর্মকর্তা

সদয় অবগতির জন্য।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

প্রণব সরকার

(প্রণব সরকার)
উপ কর কমিশনার
সদর দপ্তর(প্রশাসন)
কর অঞ্চল-৮, ঢাকা।